

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩১৮

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যে কারণে উয় করা ওয়াজিব হয়

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ الْوُضُوءَ عَلَى مَنْ نَامَ مُضْطَجِعًا فَإِنَّهُ إِذَا اضْطَجَعَ اسْتَرْخَتْ مُفَاصِلُهُ رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدُّ

বাংলা

৩১৮-[১৯] ইবনু 'আবাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নিশ্চয়ই উয় (ওয়/ওজু/অজু) সে ব্যক্তির জন্য ওয়াজিব যে কাত হয়ে ঘুমায়। কারণ কাত হয়ে ঘুমালে শরীরের বন্ধনগুলো শিথিল হয়ে পড়ে। (তিরমিয়ী ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] যাঁফ : আবু দাউদ ২০২, তিরমিয়ী ৭৭, যাঁফুল জামি' ১৮০৮। কারণ এর সান্দে ইয়ায়ীদ ইবনু খালিদ আদ্দালানী নামে একজন দুর্বল রাবী রয়েছে এবং সে হাদীসের মাতানের ক্ষেত্রেও ভুল করে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ঘুমের মাধ্যমে উয় (ওয়/ওজু/অজু) ভঙ্গের বিষয়ে 'উলামাহ আটটি অভিমতে বিভক্ত হয়েছে যেগুলোকে তিনটিতে সীমিত করা যায়। যথা-

১ম অভিমতঃ সর্বান্ধায় ঘুমের মাধ্যমে উয় ভঙ্গ হয়ে যাবে, চাই ঘুম কম হোক বা বেশি হোক।

২য় অভিমতঃ কোন অবস্থাতেই ঘুমের মাধ্যমে উয় ভঙ্গ হবে না।

৩য় অভিমতঃ হালকা এবং গভীর ঘুমের মাঝে পার্থক্যকরণ। (অর্থাৎ- হালকা ঘুমের মাধ্যমে উয় ভঙ্গ হবে না আর গভীর ঘুমের মাধ্যমে উয় ভঙ্গ হবে।) এটি প্রধান সহাবা (সাহাবা), তাবিঁই ফুকহায়ুল ইমাম চতুষ্টয়ের অভিমত। আর এটি সঠিক অভিমত। অতএব, শুধুমাত্র ঘুমই উয় ভঙ্গের কারণ নয় বরং এজন্য যে, ঘুম বায়ুর নিগর্মন নিয়ন্ত্রণকারী বা রোধকারী গ্রন্থিসমূহ শিথিল হওয়াই কারণ।

তয় মতাবলম্বীরা আবার ঘুম কম বেশির পরিমাণ বর্ণনা, উয় ভঙ্গের ক্ষেত্রে বিবেচিত বা গ্রহণযোগ্য ঘুম নির্ধারণ এবং সেই ঘুমের পরিমাণ নির্দিষ্টকরণে অনেক মতবিরোধ করেছেন যা গ্রন্থসমূহ শিথিল হওয়ার কারণ এবং অনুভূতি চেতনা লোপ হওয়ার কারণ।

ভাষ্যকার 'উবায়দুল্লাহ মুবারকপুরী (রহঃ) বলেন, আমার নিকট প্রাধান্যযোগ্য মত হলো যে ঘুমের মাধ্যমে চেতনা লোপ পায়, সেই গভীর ঘুমই উয় ভঙ্গের কারণ, চাই তা যে ধরনের ঘুমই হোক না কেন। তাই চেতনা লোপ পাওয়াটাই আমার নিকট ঘুমের মাধ্যমে উয় ভঙ্গের শর্ত। অতএব, যখন চেতনা বা অনুভূতি লোপ পায় তখন ঘুমন্ত ব্যক্তি যে অবস্থাতেই থাকুক না কেন তার উয় ভঙ্গে যাবে। আর হকুমটি শুধুমাত্র গা এলিয়ে শায়িত ব্যক্তির সাথে সীমিত নয় যেমনটি ইবনু 'আবুস (রাঃ)-এর হাদীসটি প্রমাণ করে। কারণ এ হাদীসটি য়েকিফ। আর শায়িত ব্যক্তির হালকা ঘুমের মাধ্যমে তার উয় বাতিল হবে না।

হাদিসের মান: য়েকিফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54877>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন